ঢাকা ওয়াসা

বিষয়ঃ রাজস্ব জোন-১ এর আওতাধীন এলাকার তিন দিন (০৬জুলাই' ২০২৬, ১৩জুলাই' ২০২৬ ও ২২জুলাই' ২০২৬ খ্রিঃ) ভ্রাম্যমান আদালতের কার্যক্রম পরিচালনার খরচ মেটানোর লক্ষ্যে অস্থায়ী অগ্রীম হিসাবে ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা অনুমোদন প্রসঙ্গে।

৩৩। রাজস্ব জোন-১ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে ০৬/০৭/২০২৬, ১৩/০৭/২০২৬ ও ২২/০৭/২০২৬ তারিখ মোট ৩ (তিন) দিন ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রুমানা আফরোজ মহোদয়ের স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫-২৬/২২, তারিখ ২৩/০৬/২০২৬ এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। ভ্রাম্যমান আদালত চলাকালে মড্স জোন-১, রাজস্ব জোন-১ এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ, পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজ সমাধানের নিমিত্ত পুলিশ ফোর্সসহ উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের আপ্যায়ন এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা খরচ বাবদ (তিন) দিনে মোট=৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা আর্থিক বরাদ্দের প্রয়োজন। খাত ওয়ারী সম্ভাব্য খরচ নিম্নরূপ ঃ-

১।	পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ-বাবদ	৩,০০০×৩দিন	=৯,০০০/-
২।	সংযোগ বিচ্যুতিকারী কর্মকর্তা/কর্মাচারীদের দুপুরের খাবার, বিকালের নাস্তা, যাতায়াত এবং অন্যান্য বাবদ ও অন্যান্য খরচ বাবদ	৭,০০০×৩দিন	=২১,০০০/-
৩।	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা	৫,০০০×৩দিন	=১৫,০০০/-
৪।	শ্রমিক ও অন্যান্য আনুসাঙ্গিক খরচ বাবদ	৩,০০০×৩দিন	=৯,০০০/-
		সর্বমোট	=৫৪,০০০/-

কথায়ঃ চুয়ান্ন হাজার টাকা মাত্র

৩৪। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্ণিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা মাত্র 'স্পেশাল ড্রাইভ' খাত হতে পি.পি.আর ২০০৮ এর ৮১(১) ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-১ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের দেয়া যেতে পারে। যা বর্ণিত কার্য সম্পাদনের পর প্রকৃত বিল ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

৪.৭.২৬

০৪.০৭.২৬
সহিদার রহমান রঞ্জু
সহকারী রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-১
ঢাকা ওয়াসা

DCRO
৬/৭/২৬
সাইফুল ইসলাম
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-১
ঢাকা ওয়াসা

CRO

৩৫। PPR ২০২৫ মোতাবেক প্রস্তাব দিন।

১৩/৭/২৬
মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

DCRO(1)

স্মারক নং ৪৫০
তাং ৮/৭/২৬

স্মা:নং-বা/৩/২৬ তাং: ১৩/০৮/২৬

৩৬। নোট অনুচ্ছেদ-৩৫ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-১ এর আওতাধীন এলাকায় ০৬.০৭.২০২৬, ১৩.০৭.২০২৬ ও ২২.০৭.২০২৬ ইং তারিখে মোট ৩ দিন ভ্রাম্যমান আদালত পরিচালন ব্যয় মিটানোর লক্ষ্যে ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা "স্পেশাল ড্রাইভ" খাত হতে পি পি আর ২০২৫ এর ১০০(১) এর তফসিল-২ ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রিম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-১ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা বর্ণিত কার্য সম্পাদনের পর প্রকৃত বিল ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

12.8.26

ARO-1
12-8-26
মোহাম্মদ সোহেল রানা
সহকারী রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-১
ঢাকা ওয়াসা

RO
12.08.2026
মোঃ জোবায়ের
রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-০১
ঢাকা ওয়াসা

D.C.RO
১২/৮/২৬
সাইফুল ইসলাম
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-১
ঢাকা ওয়াসা

CRO

ডা। কথা বলুন।

16/8/26
মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

DCRO(1)

ডা। নির্দেশনা মোতাবেক প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। আলোচনা সাপেক্ষে পরবর্তী কার্যক্রমের জন্য হিসাব বিভাগে পেপারলেস সফটওয়্যার এর মাধ্যমে উপস্থাপন করা যেতে পারে,

২৪/৮/২৬
সাইফুল ইসলাম
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-১
ঢাকা ওয়াসা

OA

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ওয়াসা

বোর্ড বিষয়ক বিভাগ

ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
website: www.dwasa.org.bd

স্মারক নং- ৪৬.১১৩.২১৮.০০.০০.০০১.২০২৫- ৭০৩ তারিখ ঃ ১৮ জুন ২০২৬

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক ভ্রাম্যমান আদালত পরিচালনার বরাদ্দ বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ১৪ মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা কর্মসম্পাদন সহায়তা কমিটির ২১-তম সভার আলোচ্যসূচী-৫ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

সিদ্ধান্ত-৫ঃ ঢাকা ওয়াসার ভ্রাম্যমান আদালত পরিচালনায় প্রতিদিনের বরাদ্দ নিম্নোক্তরূপভাবে পুনর্নিধারণ করা হলোঃ

১.	পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ-বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
২.	সংযোগ বিচ্যুতিকারী কর্মকর্তা/কর্মচারীদের দুপুরের খাবার, বিকালের নাস্তা, যাতায়াত এবং অন্যান্য বাবদ ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৭,০০০/-
৩.	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা, (প্রতিদিন)	৫,০০০/-
৪.	শ্রমিক ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
	সর্বমোট=	১৮,০০০/-

কার্যক্রম গ্রহণ/বাস্তবায়নেঃ উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা।

ইহা আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৮/০৬/২৬

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব, ঢাকা ওয়াসা
ও সদস্য-সচিব, কর্মসম্পাদন সহায়তা কমিটি।
ফোনঃ + ৮৮০২-৫৫০১২৪০৯

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ

১। আহবায়ক, কর্মসম্পাদন সহায়তা কমিটি, ঢাকা ওয়াসা।
২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত
ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন (১৪ তলা)
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dwasa.org.bd

স্মারক নম্বর-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫-২৬/২২

তারিখ : ০৯ আষাঢ়, ১৪৩৩
২৩ জুন, ২০২৬

বিষয়ঃ জুলাই / ২০২৬ মাসে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত পুলিশ ফোর্স মোতায়েন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রোপলিটন এলাকায় নিম্নল্লিখিত জোন সমূহে ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬(১৯৯৬ সনের ৬ নং আইন)সহ অন্যান্য আইনে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত আগামী ০১/০৭/২০২৬ খ্রি. হতে ৩০/০৭/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত সময় নিম্নলিখিত ছ'কে ধার্য করা হয়েছে।

ক্রম.	রাজস্ব জোন	থানার আওতাধীন এলাকা সমূহ	মোবাইল কোর্ট পরিচালনার তারিখ সমূহ
০১.	রাজস্ব জোন-০৮	গুলশান, বাড্ডা, খিলক্ষেত, ভাটারা	০১/০৭/২৬, ০৮/০৭/২৬
০২.	রাজস্ব জোন-০২	লালবাগ, হাজারীবাগ, বংশাল, চকবাজার	০২/০৭/২৬, ০৯/০৭/২৬, ১৬/০৭/২৬
০৩.	রাজস্ব জোন-০৩	মোহাম্মদপুর, ধানমন্ডি, নিউমার্কেট, আদাবর	০৫/০৭/২৬, ১২/০৭/২৬
০৪.	রাজস্ব জোন-০১	যাত্রাবাড়ী, মতিঝিল, ওয়ারী, সূত্রাপুর	০৬/০৭/২৬, ১৩/০৭/২৬, ২২/০৭/২৬
০৫.	রাজস্ব জোন-০৯	উত্তরা, এয়ারপোর্ট, খিলক্ষেত, উত্তরখান, দক্ষিনখান	০৭/০৭/২৬, ১৪/০৭/২৬
০৬.	রাজস্ব জোন-০৪	পল্লবী, মিরপুরমডেল,শাহ আলীবাগ, দারুস সালাম	১৫/০৭/২৬, ২৯/০৭/২৬
০৭.	রাজস্ব জোন-০৬	রমনা, মতিঝিল, খিলগাঁও, রামপুরা, পল্টন	১৯/০৭/২৬, ২৬/০৭/২৬
০৮.	রাজস্ব জোন-০৭	যাত্রাবাড়ী, শ্যামপুর, কদমতলী, ডেমরা	২০/০৭/২৬, ২৭/০৭/২৬
০৯.	রাজস্ব জোন-০৫	বনানী, গুলশান, তেজগাঁও, তেজগাঁও শিল্প অঞ্চল	২১/০৭/২৬, ২৮/০৭/২৬
১০.	রাজস্ব জোন-১০	মিরপুর মডেল থানা, কাফরুল, পল্লবী, ভাষানটেক	২৩/০৭/২৬, ৩০/০৭/২৬

এমতাবস্থায়, উপরোল্লিখিত তারিখে সকাল ৯.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তার জন্য অফিসারসহ কমপক্ষে ০৫(পাঁচ) জন পুলিশ ফোর্স উপরোল্লিখিত ছ'ক অনুযায়ী রাজারবাগ পুলিশ লাইন্স/সংশ্লিষ্ট থানা থেকে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,

স্বাক্ষরিত/-
মোছাঃ রুমানা আফরোজ
(সিনিয়র সহকারী সচিব)
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
ঢাকা ওয়াসা।
ফোন: ০২-৫৫০১২০০৭
ruto.afroze102@gmail.com

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/২২

তারিখঃ- ২৩/০৬/২০২৬

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
০২. উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)/অর্থ/ওএন্ডএম/আরপিএন্ডডি, ঢাকা ওয়াসা।
০৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ঢাকা।
০৪. বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৫. সচিব, ঢাকা ওয়াসা।
০৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৭. উপ-পুলিশ কমিশনার(অপারেশনস্), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্বরণী, রমনা, ঢাকা।
০৮. নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা।
০৯. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা। (নির্ধারিত তারিখে একজন সহকারী রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্ছিন্নকারীদল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল)।
১০. অফিসার ইনচার্জ, ..., ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১১. পরিবহন কর্মকর্তা, ঢাকা ওয়াসা। নির্ধারিত তারিখে সকাল ৮.৩০ ঘটিকায় ওয়াসা ভবনের সামনে একটি মাইক্রোবাস জ্বালানীসহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
১২. অফিস কপি।

২৩/০৬/২৬

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
ঢাকা ওয়াসা।